

## 💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৯১. সোনাকে রুপার পরিবর্তে অথবা রুপাকে সোনার পরিবর্তে বাকি বিক্রি করা

সোনাকে রুপার পরিবর্তে অথবা রুপাকে সোনার পরিবর্তে বাকি বিক্রি করা হারাম।

আবুল-মিন্থাল (রাহিমাহুল্লাহ্) থেকে বর্ণিত তিনি বলেন: আমার এক অংশীদার কিছু রুপা হজ্জ মৌসুম পর্যন্ত বাকিতে বিক্রি করে আমাকে তা জানালে আমি তাকে বললাম: কাজটি তো ঠিক করোনি। তখন সে বললো: আমি তো কাজটি বাজারেই করেছি। আমাকে তো কেউ উক্ত কাজে বাধাই দিলো না। অতঃপর আমি ব্যাপারটি বারা' বিন্ 'আযিব (রাঃ) কে জিজ্ঞাসা করলে তিনি বললেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনায় আসলেন তখনো আমরা এ জাতীয় বেচাবিক্রি করতাম। অতঃপর তিনি একদা বললেন:

مَا كَانَ يَدًا بِيَدٍ فَلَا بَأْسَ بِهِ، وَمَا كَانَ نِسِيْئَةً فَهُوَ رِبًا.

"তা নগদ বা হাতে হাতে হলে তাতে কোন অসুবিধে নেই। তবে বাকিতে হলে তাতে সুদ হবে"। (মুসলিম ১৫৮৯) এরপরও বারা' (রাঃ) আমাকে বললেন: তুমি যায়েদ বিন্ আরক্ষামের নিকট যাও। কারণ, তিনি হচ্ছেন আমার চাইতেও বড়ো ব্যবসায়ী। তাই তিনি এ ব্যাপারে অবশ্যই সঠিক জানবেন। অতঃপর আমি তাঁর নিকট এ ব্যাপারে জিজ্ঞাসা করলে তিনিও একই কথা বললেন।

বারা' বিন্ 'আযিব ও যায়েদ বিন্ আরক্কাম (রা.) থেকে বর্ণিত তাঁরা বলেন:

نَهَى رَسُوْلُ اللهِ ١ عَنْ بَيْعِ الذَّهَبِ بِالْوَرِقِ أُو الْوَرِقِ بِالذَّهَبِ دَيْنًا.

"রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রুপার পরিবর্তে সোনা এবং সোনার পরিবর্তে রুপা বাকিতে বিক্রি করতে নিষেধ করেছেন"। (বুখারী ২১৮০, ২১৮১; মুসলিম ১৫৮৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=6867

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন